দৈনিক সংবাদ

তারিখ 07 JUL 1994
পৃষ্ঠা ৫ কলাম ১

### অধ্যক্ষ সন্ত্রাসীদের হাতে আহত

# মির্জাপুর কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

মির্জাপুর (টাঙ্গাইল), ৬ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– গত মঙ্গলবার মির্জাপুর কলেজের অধ্যক্ষ হারুন–অর–রশিদ কতিপয় ছাত্রের হাতে গুরুতর আহত হওয়ার প্রেক্ষিতে আজ বুধবার থেকে অনির্দিষ্টকালের জন্য মির্জাপুর কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। অধ্যক্ষের ওপর হামলাকারীদের বিরুদ্ধে গতকাল গভীর রাতে সন্ত্রাসীদের হোতা ছাত্রদল নেতা ও মির্জাপুর কলেজ ছাত্র সংসদের ক্রীড়া সম্পাদক শহীদুর রহমান শহীদসহ ছাত্রদলের ২০ জন নেতা–কর্মির বিরুদ্ধে মির্জাপুর থানায় একটি মামলা দায়ের হয়েছে।

গত মঙ্গলবার সকালে একটি মিছিলকে কেন্দ্র করে কতিপয় ছাত্রের হাতে ক্রীড়া সম্পাদক লাঞ্ছিত হলে কলেজে যে উত্তপ্ত পরিবেশের সৃষ্টি হয় তা নিরসণকল্পে কলেজ ছুটি দিয়ে অধ্যক্ষ যখন তার অফিসকক্ষে অন্য শিক্ষকদের নিয়ে মিটিং করছিলেন তখনই অতর্কিতে ২০/২৫ জন সন্ত্রাসী অফিস কক্ষে ঢুকে অধ্যক্ষ ও অন্য শিক্ষকদের ওপর হামলা করে। এতে অধ্যক্ষ গুরুতর আহত হন। এর প্রতিবাদে তাৎক্ষণিকভাবে শিক্ষক পরিষদ এক সভায় মিলিত হয়ে অনির্দিষ্টকালের জন্য ক্লাস নেয়া স্থগিত ঘোষণা করে। এছাড়া গতকাল রাতে কলেজ গভর্নিং কমিটির সভাপতি ও থানা নির্বাহী কর্মকর্তা মোকলেছুর রহমানের সভাপতিত্বে গভর্নিং কমিটির এক জরুরি সভায় আজ বুধবার থেকে অনির্দিষ্টকালের জন্য মির্জাপুর কলেজ বন্ধ ঘোষণা করা হয় বলে গভর্নিং কমিটির সাথে সংশ্লিষ্ট একটি সূত্র থেকে জানা গেছে।

এছাড়া গতকাল রাত ১টায় অধ্যক্ষ বাদি হয়ে উক্ত ক্রীড়া সম্পাদক শহীদুর রহমান শহীদসহ ছাত্রদলের ২০ জন নেতা–কর্মিকে আসামি করে মির্জাপুর থানায় একটি মামলা দায়ের করেছেন বলে থানা সূত্রে জানা গেছে। আসামিদের কাউকে এখন পর্যন্ত পুলিশ গ্রেফতার করতে সক্ষম হয়নি। তবে গ্রেফতারের জোর প্রচেষ্টা চলছে বলে পুলিশের একটি সূত্র উল্লেখ করেছেন।

এদিকে মির্জাপুর কলেজের অধ্যক্ষের ওপর বর্বরোচিত হামলার প্রতিবাদে গতকাল রাতে থানা আওয়ামী লীগ সভাপতি মোঃ বাদশা মিয়ার সভাপতিত্বে আওয়ামী ও ছাত্রলীগের উদ্যোগে এক যৌথ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। হামলাকারীদের গ্রেফতার ও বিচারের দাবি জানিয়ে উক্ত সভায় বক্তৃতা করেন থানা আওয়ামী লীগ সম্পাদক একাব্বর হোসেন, আওয়ামী লীগ নেতা মঞ্জুর হোসেন, ছাত্রলীগ নেতা মনির হোসেন, ফরহাদ উদ্দিন আছু এবং মির্জাপুর কলেজ ছাত্র সংসদের ভিপি ছাত্রলীগ নেতা শাহাদৎ হোসেন সুমন।

এছাড়া আজ মির্জাপুর কলেজ ছাত্র সংসদের উদ্যোগে থানা সদরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় অধ্যক্ষের ওপর হামলা–কারীদের বিচার ও শাস্তির দাবি জানিয়ে বক্তৃতা করেন ছাত্রলীগ নেতা মনির হোসেন, ফরহাদ উদ্দিন আছু, কলেজ ছাত্র সংসদের জিএস আক্তারুজ্জামান ফারুক ও ভিপি শাহাদৎ হোসেন সুমন।

এছাড়া মির্জাপুর থানা জাতীয় পার্টি, মির্জাপুর থানা প্রেস ক্লাবসহ বিভিন্ন সংগঠন পৃথক পৃথক বিবৃতির মাধ্যমে এই হামলার নিন্দা ও হামলাকারীদের বিচার দাবি করেছে।